24

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 31 AUG 1998 ...
পৃষ্ঠা ৩ কলাম ৫

### শিক্ষকদের ক্লাস বর্জনের সিদ্ধান্ত

# জা. বি'র অধ্যাপিকা লাঞ্ছনার বিচার দাবিতে আজ ছাত্রদের মানববন্ধন কর্মসূচী

**জা. বি. সংবাদদাতা ॥** নৃবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপিকা রেহনুমা আহমেদের লাঞ্ছনাকারীদের বিচারের দাবিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ৩ সেপ্টেম্বর পর্যন্ত ক্লাস বর্জনের সিদ্ধান্ত নিয়েছে। সাধারণ ছাত্র ঐক্যের ব্যানারে ছাত্রছাত্রীরা আজ সোমবার ঢাকা আরিচা মহাসড়কে মানববন্ধন কর্মসূচী পালন করবে। রবিবার অধ্যাপক জসিমউদ্দিন আহমেদের সভাপতিত্বে শিক্ষক সমিতির এক সভায় শিক্ষকরা ক্লাস বর্জনের সিদ্ধান্ত নেন। ৩ সেপ্টেম্বর সিন্ডিকেট থেকে শিক্ষিকা লাঞ্ছনার দায়ে অভিযুক্ত ছাত্রলীগের পাঁচ শীর্ষ নেতাকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের সিদ্ধান্ত না দেয়া হলে; শিক্ষক সমিতি আরও কঠোর আন্দোলনের কর্মসূচী দেবে বলে সমিতি সূত্রে জানা গেছে। এ জন্য শিক্ষক সমিতি আগামী ৫ সেপ্টেম্বর আবার বৈঠকে বসবে।

গত শনিবার অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় আগামী ১০ সেপ্টেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের সকল পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। সিন্ডিকেট সভায় বিশ্ববিদ্যালয়ের বর্তমান উত্তপ্ত পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়। ধর্ষণ বিষয়ক যাচাই কমিটির কর্মকাণ্ড নিয়েও আলোচনা করা হয়। যাচাই কমিটিতে সিন্ডিকেট সদস্য অধ্যাপক এএন রাশেদাকে অন্তর্ভুক্ত করা হয়েছে। তাঁকে নিয়ে যাচাই কমিটির সদস্য সংখ্যা ৬-এ দাঁড়াল। নতুন সদস্য এএন রাশেদাকে আলাদা করে ধর্ষণ সম্পর্কিত তথ্য জানানো যেতে পারে বলে জানা গেছে।

রবিবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে কোন সংগঠন কোন মিছিল সমাবেশ করেনি। ক্যাম্পাসে এখনও থমথমে অবস্থা বিরাজ করছে। আন্দোলনরত প্রতিটি সংগঠনই আন্দোলনের পরবর্তী কর্মসূচী নির্ধারণে রবিবার পৃথক পৃথক সভা করেছে। আজ তাঁরা সাধারণ ছাত্র ঐক্যের ব্যানারে ঢাকা-আরিচা মহাসড়কে মানববন্ধন কর্মসূচী পালন করবে বলে জানা গেছে।

AND STATISTICS

3. SYSTEM

SHEET — OF — SHEETS